৩৮

ভোরের কাগজ

তারিখ 05 JAN 1994
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২



# স্কুলে ভর্তি : প্রতি আসনের জন্য ১২ জন পরীক্ষার্থী

**কাগজ প্রতিবেদক :** ছবিটি কোনো ভোটকেন্দ্র বা ট্রেনের টিকিট কাউন্টারের নয়। ভিকারুননেসা নূন স্কুলে গতকাল মঙ্গলবার ছিল ভর্তি পরীক্ষার প্রথম দিন। স্কুলের ভেতরে ছাত্রীরা পরীক্ষা দিচ্ছে আর বাইরে অপেক্ষা করছে তাদের অভিভাবকরা। এ যেন অনন্ত প্রতীক্ষা। চোখে-মুখে দুশ্চিন্তার ছাপ। নগরীতে ছেলেমেয়েদের ভালো স্কুলে ভর্তি নিয়ে অভিভাবকদের দুশ্চিন্তার শেষ নেই। ভিকারুননেসা নূন স্কুলে গতকাল হয়েছে প্রভাতী শাখার ভর্তি পরীক্ষা। আজ বুধবারও এ শাখার পরীক্ষা হবে। ৯ তারিখ রোববার হবে দিবা শাখার ভর্তি পরীক্ষা। দু' শিফটে ৪০০ ছাত্রী ভর্তি করা হবে। ভর্তি পরীক্ষায় অংশ নিচ্ছে পাঁচ হাজারেরও বেশি পরীক্ষার্থী। প্রতিটি আসনের জন্য ১২ জন পরীক্ষা দিচ্ছে। বছরের শুরুতে অভিভাবকদের একটাই আরাধ্য— ভালো স্কুলে যদি একটি আসন মিলে! নগরীর ২৪টি সরকারি স্কুলে ভর্তি পরীক্ষা শুরু হবে ১০ তারিখ থেকে। —ছবি: ইউসুফ সাদ